

কবিতা

অনুপম রায়

পকেটমার

অবিরত বৃষ্টির দিনে ছুটি নিতে চায় পিকপকেটের সম্রাট। এরকম ঘুমে তাকে কেউ কোনদিন খেয়াল করেনি তাই স্বপ্নকে আয়নায় ফেলে বাঁ দিক থেকে ডান দিকে আক্রমণ করে পুরানো পদ্ধতিতে। এই লাইনের সমস্ত ভেজা যাত্রী আরও বেশি ভিজে যায় নানা আকারের ছাতা থেকে গড়িয়ে পড়া বিন্দু বিন্দু বিরক্তি আর অসহযোগিতায়। এদিকে ঘুমের মধ্যেও হাত চলে সমান দক্ষতায়। অভ্যেসের সরল লেখা ভাঁজ হয় রুমালের সিটে। তৃপ্তিতে আবার ঘুমোতে যায়। ঘুমলে আঙুলগুলো গোপনে লম্বা হয়, আরও সুন্দর লাগে।

চাইল্ডফ্রি ড্রিম

সরলার কোনো বেড়াল নেই। সরলা চায় পাশ ফিরে শুয়ে থাকা সাদা লোম লোম জ্যান্ত একটা শিশু বেড়াল। এ জীবনে সে একবার মাত্র ভালবেসেছিল, তারপর থেকে সে পুরোপুরি মাছ, মাংস, ডিম ছেড়ে দিয়ে ক্যালকুলাসের সহজ অঙ্কগুলো প্র্যাকটিস করে। একদিন উত্তরে বারবার ইন্টিগ্রাল কন্সট্যান্ট রূপে একটা বেড়াল আসে আর কিছুতেই তাকে ফেরানো যায় না। এক খাতা অঙ্কের এক খাতা বেড়াল সরলা-কে পরপর বেশ কিছু রাত ঘুমোতে দেয় না। ঘুম ঘুম আসে আর ম্যাও ম্যাও শব্দে সাদা হয়ে যায় দুটো চোখ। অথচ কেউ নেই। বিশ্বস্ত স্বপ্নের পথচারীরা এগিয়ে গিয়েছে কোলে শিশু আর আয়াদের সঙ্গে করে। সেখানে সরলা থাকতে চায় না, সে ফিরে আসে গোয়েন্দা গল্পের রান্নাঘরে চুরি যাওয়া দুধের বোতলের সন্ধানে। সরলা একটা বেড়াল চায়। বারান্দায় রোদ মুছে দেবে স্মৃতি তার, এমন একটা বেড়াল চায়।

বাতিল রাজ্য

সোনামণি হাঁটতে শিখেছে। আকাশে মেঘ দেখলে তার আরও জোরে হাঁটতে ইচ্ছে করে। এদিকে গতিতে তার প্রবল ভীতি। হাইওয়ের ট্রাকেও তার খুব ভয়। ওই পথে না গিয়ে যদি সে আকাশের দিকে যেতে পারত ভালো

শ্যাম

হত। আবার গ্যালাক্সিগুলোয় রেলিং থাকে না তাই অতদূরেও সে যেতে চায় না। নিজেকে এই ভাবে সে বিভিন্ন ভাবে নিয়মের মধ্যে ফেলে। নিয়ম আসলে কুয়োর মতো। বারবার শুধু নিচের দিকে টানে। সোনামণি চাঁদনি থেকে ইলেক্ট্রনিক চাকা কিনবে বলে একদিন রাস্তায় বেরোয়। রেল গেট পেরোতে গিয়ে প্রায় চাপা পড়ে যাচ্ছিল। খুব ভয় লাগে। দেওয়াল ধরে ধরে ফিরে আসে বাড়ি। বিছানায় পা তুলে বসে। তারপর বিছানার উপর অতি সাবধানে উঠে দাঁড়ায়। এখানেই কোথাও লুকিয়ে আছে এক ধুব সত্য। সেই সত্যের সন্ধানে আবার সোনামণি বিছানার উপর হাঁটতে শুরু করে।

Copyright © 2019

Anupam Roy

Published 1st Nov, 2019



অনুপম রায় পেশায় সুরগীতিকার, একই সঙ্গে ২১:১০ এর বলিষ্ঠ গদ্যকার এবং কবি। প্রথম গদ্য প্রকাশ পায় কৌরবে, পরবর্তীতে নানা পত্র পত্রিকায় ও দৈনিকে। প্রকাশিত বইগুলো— *সারা রাত কেটে যায় তোর কথা ভেবে*, *অনুপমকথা ও অন্যান্য*, *ছোঁয়াচে কলম*, *সময়ের বাইরে*, *মন ও মেজাজ*, *আমাদের বেঁচে থাকা*, *অ্যান্টনি ও চন্দ্রবিদ্যু* (গ্রাফিক নভেল)।